বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
মুক্তাগাছা, ময়মনসিংহ
www.ecs.gov.bd

নং- ১৭.০৯.৬১৬৫.০০০.৩২.১০৯.২৪.৪৯ তারিখঃ ০১মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

## ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০২৫ উপলক্ষেময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার জন্য গঠিত সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | : আতিকুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ |
| সভার স্থান | : উপজেলা পরিষদ হল রুম, মুক্তাগাছা, ময়মনসিংহ |
| সভার তারিখ ও সময় | : ১৫জানুয়ারি ২০২৫খ্রিঃ বেলাঃ ১০.৩০ ঘটিকায় |
| উপস্থিত সদস্যবৃন্দ | : সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর "পরিশিষ্ট ক" |

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে ও কুশলাদি বিনিময় করে সভার কার্য শুরু করেন। প্রথমেই তিনি ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০২৫ সম্পর্কে বিস্তারিত আলোচনা করার জন্য কমিটির সদস্য সচিব উপজেলা নির্বাচন অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ-কে অনুরোধ জানান এবং উপস্থিত সকলকে আলোচনা ও মতামত প্রদান করার জন্যও অনুরোধ জানান।

- উপজেলা নির্বাচন অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ ও সদস্য সচিব সভায় উপস্থিত সকল সদস্যগণকে অবগত করেন যে, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর স্মারক নং-১৭.০০.০০০০.০২৬.৩২.০০৬.২১-০৯, তারিখঃ ১১ জানুয়ারি ২০২৫ খ্রিঃ এর নির্দেশনা মোতাবেক মুক্তাগাছা উপজেলার ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০২৫ উপলক্ষে উপজেলা সমন্বয় কমিটি গঠন করা হয়েছে। তিনি ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২৫ উপলক্ষে গঠিত উপজেলা সমন্বয় কমিটির কার্যপরিধি সম্বন্ধে বিস্তারিত আলোচনা করেন এবং তিনি সভাকে অবগত করেন যে, ইতোমধ্যেই তথ্যসংগ্রহকারী এবং সুপারভাইজাদের নিয়োগ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এছাড়াও ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০২৫ সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে উপজেলা সমন্বয় কমিটির সকল সদস্যদের নিকট সর্বাত্তক সহযোগিতা কামনা করেন।

- সভায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ সভায় জানান যে, ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০২৫ সফলভাবে সম্পাদন করার জন্য যে সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের দায়িত্ব প্রদান করা হয়েছে তা তারা যেন স্বপ্রণোদিত হয় এবং দক্ষতার সাথে তাদের দায়িত্ব পালন করে সে বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

- সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহজানান যে, ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০২৫ সফলভাবে সম্পাদন করার জন্য যেসকল উচ্চ বিদ্যালয় ও দাখিল মাদ্রসার শিক্ষকদের দায়িত্ব প্রদান করা হয়েছে সেকল শিক্ষকদের দায়িত্বশীলভাবে হালনাগাদ কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

- সভায় অফিসার-ইন-চার্জ, মুক্তাগাছা থানা, মুক্তাগাছা জানান যে, ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২৫ উপলক্ষে যেসকল রেজিস্ট্রেশন কেন্দ্রে ছবি তোলা হবে সেকল রেজিস্ট্রেশন কেন্দ্রে ছবি তোলার দিনে প্রচুর লোকের সমাগম হয় বিধায় আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটতে পারে । সেক্ষেত্রে পূর্ব প্রস্তুতি গ্রহণ করা যেতে পারে।

- জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর প্রতিনিধি জানান যে, ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২৫ উপলক্ষে যেসকল রেজিস্ট্রেশন কেন্দ্রে ছবি তোলা হবে সেকল রেজিস্ট্রেশন কেন্দ্রে ছবি তোলার দিনে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হবে।

- জনাব হাবিবুর রহমান খান রতন, আহবায়ক, উপজেলা বিএনপি, জানান যে, ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২৫ সম্পর্কে ব্যাপক প্রচার করতে হবে। যাতে করে ভোটারগণ অবগত হতে পারে।

- সভাপতি মহোদয় সভাকে জানান যে, ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০২৫ উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর নির্দেশনা মোতাবেক গঠিত উপজেলা সমন্বয় কমিটির সদস্যদের কার্য পরিধির আলোকে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করার জন্য আহবান জানান। ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের জন্য যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা তা কমিটির সদস্যদের পর্যবেক্ষণ করতে অনুরোধ করেন। তথ্য সংগ্রহ কালে কোন ব্যক্তির তথ্য ফরম পূরণের পূর্বে তিনি ইতিপূর্বে ভোটার হয়েছেন কি না তা অবশ্যই নিশ্চিত করতে হবে। বাদপড়া ভোটারদের ক্ষেত্রে বাদ পড়ার কারণ যাচাই পূর্বক নিশ্চিত হতে হবে। ভোটার যোগ্য মহিলাদের নিবন্ধনের বিষয়টি অবশ্যই নিশ্চিত করা অর্থাৎ কোন ক্রমেই ভোটারযোগ্য কোন মহিলা যেন বাদ না পড়েন তা তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার কর্তৃক নিশ্চিত করতে হবে। মৃত ভোটারের নাম কর্তনের জন্য ফরম-১২ এ তথ্য সংগ্রহকালে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। কোনক্রমেই জীবিত ভোটারের নাম মৃত হিসেবে যেন তথ্য সংগ্রহ না করা হয় সেজন্য সতর্ক থাকতে হবে।

চলমান পাতা-০২

CS CamScanner

কোনক্রমেই রোহিঙ্গা এবং অবাঞ্ছিত ব্যক্তিদের তথ্য যেন সংগ্রহ না করা হয় সে বিষয়ে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে। ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম পরিচালনায় কোন রূপ ত্রুটি-বিচ্যুতি বা ব্যত্যয় পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে কমিটির আহবায়ক ও সদস্য সচিবকে জানানোর জন্য অনুরোধ করেন এবং সদস্য সচিবকে প্রতিবেদন আকারে নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

❖ বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১ | প্রাথমিক বিদ্যালয়ের যে সকল শিক্ষক শিক্ষিকাগণ ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে নিয়োজিত তাদেরকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ২ | উচ্চ বিদ্যালয় ও দাখিল মাদ্রাসার বিদ্যালয়ের যে সকল শিক্ষক শিক্ষিকাগণ ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে নিয়োজিত তাদেরকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ৩ | রেজিস্ট্রেশন কেন্দ্রের তালিকা আগামী ১৯ জানুয়ারি ২০২৫ এর মধ্যে তৈরী করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার |
| ৪ | রেজিস্ট্রেশন কেন্দ্রের নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | জিএম, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ |
| ৫ | ভোটার রেজিস্ট্রেশন কেন্দ্রে ছবি তোলার দিন প্রচুর লোক সমাগম হবে বিধায় রেজিস্ট্রেশন কেন্দ্রের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | অফিসার ইনচার্জ/ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ৬ | ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত সমন্বয় কমিটির সদস্যগণ কর্তৃক বিভিন্ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয় | উপজেলা সমন্বয় কমিটির সদস্যগণ |
| ৭ | নতুন ভোটার অন্তর্ভূক্তি এবং ভোটার তালিকা হতে মৃত ভোটারের নাম কর্তনের জন্য অনলাইন জন্ম সনদ ও মৃত্যু সনদ যথাসময়ে প্রদানের বিষয়টি নিশ্চিত করণের সিদ্ধান্ত গৃহিত হয়। | মুক্তাগাছা পৌরসভা/ চেয়ারম্যান/প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৮ | তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারদের কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার |
| ৯ | ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০২৫ এর সভার প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণর সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার |

পরিশেষে সভাপতি মহোদয় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৫।০১।২৫

(আতিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার,
মুক্তাগাছা, ময়মনসিংহ
ও
আহবায়ক
ভোটার তালিকা হালনাগাদ-২০২৫ সংক্রান্ত সমন্বয় কমিটি

নং- ১৭.০৯.৬১৬৫.০০০.৩২.১০৯.২৪.৪৯

তারিখঃ ০১ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

<u>অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২। জেলা প্রশাসক,ময়মনসিংহ
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
৪। পুলিশ সুপার, ময়মনসিংহ
৫। সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ
৬। উপজেলা ..................................অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ ও কমিটির সদস্য
৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার..............................................কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, মুক্তাগাছা, ময়মনসিংহ
৮।সভাপতি/সাধারণ সম্পাদক................................................., মুক্তাগাছা, ময়মনসিংহ
৯। জনাব........................................................................ , মুক্তাগাছা, ময়মনসিংহ
১০। অফিস কপি

১৫.০১.২০২৫

(সৈয়দা শারমিন সুলতানা)
উপজেলা নির্বাচন অফিসার
মুক্তাগাছা, ময়মনসিংহ
ও
সদস্য সচিব
ভোটার তালিকা হালনাগাদ-২০২৫ সংক্রান্ত সমন্বয় কমিটি
ফোন-০২৯৯৬-৬৭৩০৮৮(অফিস)

CamScanner